

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নগর ভবন  
গুলশান সেন্টার পয়েন্ট, প্লট নং-২৩-২৬, রোড নং-৪৬  
গুলশান-২, ঢাকা

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং: ৪৬.১০.০০০০.০৩.০০.১১৬৭.১৭. ১১৫৭

তারিখ: ২২/১০/২০১৭ খ্রি.

## অফিস আদেশ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-৩ এ মহাখালীস্থ আঞ্চলিক কার্যালয়ের জন্য নতুন ভাবে জেনারেটর স্থাপন না হওয়া পর্যন্ত পূর্বের স্থাপনকৃত ৫০০ কেভিএ ক্ষমতা সম্পন্ন ১ টি জেনারেটরের বিপরীতে লোড শেডিং চলাকালে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের প্রত্যয়ন ও ব্যবহারের ভিত্তিতে, ৫০% লোডে প্রতি ঘন্টায় ৪৫ (পয়ঁতাল্লিশ) লিটার হিসেবে অফিস চলাকালীন সময়ে প্রতিদিন গড়ে ১ ঘন্টার জ্বালানী ইস্যুর অনুমোদন প্রদান করা হলো।

- ২। জেনারেটরের জন্য লগবই সংরক্ষণ করতে হবে।
- ৩। সংশ্লিষ্ট অঞ্চলের সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের লোড শেডিং প্রত্যয়ন পত্র ও ব্যবহারের ভিত্তিতে জ্বালানী স্লিপে স্বাক্ষর করবেন এবং যথারীতি মাসিক প্রতিবেদন প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন।
- ৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

১৯/১০/২০১৭


(দুলাল কৃষ্ণ সাহা)  
সচিব (যুগ্মসচিব)  
ফোন-৮৮৩৪৯৩০  
ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

স্মারক নং: ৪৬.১০.০০০০.০৩.০০.১১৬৭.১৭. ১১৫৭

তারিখ: ২২/১০/২০১৭ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। বিভাগীয় প্রধান (সকল)....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা। অঞ্চল-১,২,৩,৪ ও ৫ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ডিএনসিসি (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। সচিব এর ব্যক্তিগত সহকারী (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।



মো: রাকিবুল হাসান (মিরাজ)  
সহকারী সচিব  
সাধারণ প্রশাসন শাখা  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন